

বুধবার, ২৬ ডিসেম্বর ২০১৮, ১২ পৌষ ১৪২৪, ০৮ রবিউস সানি

১৪৩৯

বাংলাদেশের খবর

ইউআইইউতে তথ্যপ্রযুক্তি সম্মেলন

নিজস্ব প্রতিবেদক

তথ্যপ্রযুক্তির আন্তর্জাতিক সম্মেলন ইন্টারন্যাশনাল কনফারেন্স অন কম্পিউটার অ্যান্ড ইনফরমেশন টেকনোলজির ২১তম আসর গতকাল থেকে শুরু হয়েছে। রাজধানীর ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে আয়োজিত এ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা।

সম্মেলনে বক্তারা জানান, এ বছর ২১টি দেশ থেকে ৩০১টি তথ্যপ্রযুক্তি বিষয়ক গবেষণা থেকে শক্তিশালী রিভিউ কমিটির বাছাইয়ের পর মোট ৮৮টি গবেষণা আন্তর্জাতিক জার্নালে প্রকাশের জন্য চূড়ান্তভাবে গৃহীত



হয়। এসব গবেষণা বাংলাদেশের তথ্যপ্রযুক্তি বিকাশের পাশাপাশি শিল্প উদ্যোক্তা ও শিক্ষার্থীদের উদ্ভাবনী কর্মকাণ্ডে কাজে আসবে।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার্সের বাংলাদেশ সেকশনের সভাপতি অধ্যাপক সেলিয়া শাহনাজ, টেক্সাস এ অ্যান্ড এম বিশ্ববিদ্যালয়ের ডিন এবং অধ্যাপক ড. মোহাম্মদ এস আলমসহ দেশি-বিদেশি তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞরা।

চতুর্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে প্রযুক্তিগত উন্নয়ন ও চ্যালেঞ্জ মোকাবিলায় মেশিন ইনটেলিজেন্স, নেটওয়ার্ক সিস্টেমের নিরাপত্তা, ক্লাউড, সিগন্যাল এবং ইমেজ প্রসেসিং, বিগ ডাটা ও স্যাটেলাইটের ব্যবহারকে কাজে লাগিয়ে ভবিষ্যৎ অর্থনীতি কীভাবে লাভবান হবে তা নিয়ে আলোচনা করেন বক্তারা।

তিন দিনব্যাপী এ সম্মেলনের বিভিন্ন সেশনে ১২টি বৈজ্ঞানিক গবেষণার ওপর আলোচনা হবে।

© 2018 Bangladesher Khabor. All rights reserved.